

# **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৭৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮১৫]

৭। কুরআনের মর্যাদাসমূহ ও এতদসংশ্লিষ্ট বিষয় (باب فضائل القران وما يتعلق به

পরিচ্ছেদঃ ১৫. কুরআন অধ্যয়ন ও শিক্ষায় নিমগ্ন ব্যক্তির ফযীলত এবং যে ব্যক্তি ফিকহ ইত্যাদির সুক্ষজ্ঞান আহরণ করে তদনুসারে (নেক) আমল করে ও শিক্ষা দেয় তার ফযীলত

باب فَضْل مَنْ يَقُومُ بِالْقُرْآنِ وَيُعَلِّمُهُ وَفَضْل مَنْ تَعَلَّمَ حِكْمَةً مِنْ فِقْهٍ أَوْ غَيْرِهِ فَعَمِلَ بِهَا وَعَلَّمَهَا

### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَمْرُو النَّاقِدُ، وَزُهَيْرُ بْنُ حَرْبٍ، كُلُّهُمْ عَنِ ابْنِ عُيَيْنَةَ، \_ قَالَ زُهَيْرٌ حَدَّثَنَا النُّهْرِيُّ، عَنْ سَالِم، عَنْ أَبِيهِ، عَنِ النَّبِيِ قَالَ زُهَيْرٌ حَدَّثَنَا النُّهْرِيُّ، عَنْ سَالِم، عَنْ أَبِيهِ، عَنِ النَّبِي صلى الله عليه وسلم قَالَ " لاَ حَسَدَ إِلاَّ فِي اثْنَتَيْنِ رَجُلٌ آتَاهُ اللَّهُ الْقُرْآنَ فَهُوَ يَقُومُ بِهِ آنَاءَ اللَّيْلِ وَآنَاءَ النَّهَارِ وَرَجُلٌ آتَاهُ اللَّهُ مَالاً فَهُوَ يُنْفِقُهُ آنَاءَ اللَّيْلِ وَآنَاءَ النَّهَارِ " .

#### বাংলা

১৭৭৯-(২৬৬/৮১৫) আবূ বকর ইবনু আবূ শায়বাহ, 'আমর আন নাকিদ ও যুহায়র ইবনু হারব (রহঃ) ..... আবদুল্লাহ ইবনু উমর (রাযিঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দুটি ব্যাপার ছাড়া ঈর্ষা পোষণ করা যায় না। একটি হ'ল- এমন ব্যক্তি যাকে মহান আল্লাহ কুরআনের জ্ঞান দান করেছেন। সে তদনুযায়ী রাত-দিন আমল করে। আরেক ব্যক্তি যাকে আল্লাহ তা'আলা অর্থ-সম্পদ দান করেছেন। সে রাত-দিন তা (আল্লাহর পথে) খরচে করে। (এ দু' ব্যক্তির সাথে ঈর্ষা পোষণ করা যায়। অর্থাৎ এদের সাথে আমল ও দানের ব্যাপারে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য অনুকূল ইলম ও মালের আকাজ্ফা করা যায়। তবে ঐ ব্যক্তির ইলম বিলুপ্ত হয়ে যাক কিংবা ঐ মালদারের মাল ধ্বংস হয়ে যাক- এরূপ কামনা করা যাবে না)\*। (ইসলামী ফাউন্ডেশন ১৭৬৪, ইসলামীক সেন্টার ১৭৭১)

## **English**

Salim narrated on the authority of his father (Ibn 'Umar) that the Messenger of Allah (ﷺ) said:

Envy is not justified but in case of two persons only: one who, having been given (knowledge of) the Qur'an by Allah, recites it during the night and day



(and also acts upon it) and a man who, having been given wealth by God, spends it during the night and the day (for the welfare of others. seeking the pleasure of the Lord).

## ফুটনোট

\* মুহাদ্দিসগণ নিম্নরূপে হাদীসটির ব্যাখ্যা করেছেন।

হিংসা দু' প্রকার। এক প্রকার হ'ল- কোন ব্যক্তিকে মহান আল্লাহ যে নি'আমাত দান করেছেন তার অবসান কামনা করা। আর অপর প্রকার হ'ল অবসান কামনা না করে নিজের জন্যও অনুরূপ নি'আমাত কামনা করা। প্রথম প্রকারের হিংসা হারাম। কিন্তু দ্বিতীয় প্রকারের হিংসা জায়িয। (মুসলিম শরহে নবাবী, ১ম খণ্ড ২৭২ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন